

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়
জন্ম ও মৃত্যু নিবন্ধন (প্রশাসন শাখা)
স্থানীয় সরকার বিভাগ
পরিবহন পুল ভবন (৯ম তলা)
সচিবালয় লিঙ্ক রোড, ঢাকা-১০০০।
br.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- ৪৬.০৪.০০০০.১০১.২৩.০০২.১৭-২ (৩৭)

তারিখঃ ১৭-১১-১৪২৪
০১-০৩-২০১৮

বিষয়ঃ স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস হতে বাংলাদেশের উত্তরণের যোগ্যতা অর্জনের ঐতিহাসিক সাফল্য উদ্‌যাপন উপলক্ষে নাগরিক সেবা জনগণের দোড়গোড়ায় পৌঁছে দিতে শিশুর জন্মের ৪৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধনের বিষয়ে বিশেষ উদ্যোগ গ্রহণ।


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১২-১৬ মার্চ, ২০১৮ তারিখে জাতিসংঘের সিডিপি-এর ত্রি-বার্ষিক সভায় বাংলাদেশ স্বল্পোন্নত দেশ হতে উত্তরণের জন্য প্রথমবারের মত সুপারিশ লাভ করবে, যা স্বাধীনতা পরবর্তী বাংলাদেশের উন্নয়নের একটি বড় অর্জন এবং মাননীয় প্রধানমন্ত্রীর প্রেক্ষিত পরিকল্পনা ও ভিশন ২০২১-এর সফল বাস্তবায়ন।

০২। স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস হতে বাংলাদেশের উত্তরণের যোগ্যতা অর্জনের ঐতিহাসিক সাফল্য উদ্‌যাপন উপলক্ষে অন্যান্য কর্মসূচীর মধ্যে আগামী ২০-২৫ মার্চ, ২০১৮ তারিখে বিভাগ/জেলা/উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে সেবা সপ্তাহ উদ্‌যাপনের সিদ্ধান্ত হয়েছে। উক্ত সেবা সপ্তাহ উপলক্ষে নাগরিক সুবিধাগুলো জনগণের দোড়গোড়ায় পৌঁছে দিতে মাঠ পর্যায়ে দৃশ্যমান ভাবে সোবাদান কার্যক্রম গ্রহণের জন্য স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা রয়েছে।

০৩। শিশুর জন্মের ৪৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধন শিশুর অধিকার। জন্ম নিবন্ধন নাগরিকত্ব অধিকার লাভের আইনগত ভিত্তি প্রদান করে এবং জন্ম নিবন্ধন সনদ এর স্বীকৃত প্রমাণপত্র। বর্তমানে দেশের সার্বিক জন্ম নিবন্ধনের হার সন্তোষজনক হলেও শিশুর জন্মের ৪৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধনের হার আশানুরূপ নয়।

০৪। সুতরাং, স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস হতে বাংলাদেশের উত্তরণের যোগ্যতা অর্জনের ঐতিহাসিক সাফল্য উদ্‌যাপন উপলক্ষে মাঠ পর্যায়ে আয়োজিতব্য সেবা সপ্তাহে শিশুর জন্মের ৪৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধনের বিশেষ উদ্যোগ গ্রহণ করা হলে বিষয়টি অধিক ফলপ্রসূ হবে বলে আশা করা যায়।

০৫। এমতাবস্থায়, স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস হতে বাংলাদেশের উত্তরণের যোগ্যতা অর্জনের ঐতিহাসিক সাফল্য উদ্‌যাপন উপলক্ষে বিভাগ,জেলা,উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে অনুষ্ঠিতব্য সেবা সপ্তাহে “শিশুর জন্মের ৪৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধন”-এর বিষয়ে বিশেষ উদ্যোগ গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।


(জ্যোতির্ময় বর্মন)

রেজিস্ট্রার জেনারেল (অতিরিক্ত সচিব)
ফোনঃ ৯৫৫৬৬০৬

ই-মেইলঃ onlinebris@gmail.com

বিতরণঃ কার্যার্থে

- ১। বিভাগীয় কমিশনার (সকল),.....বিভাগ।
- ২। জেলা প্রশাসক(সকল) ,..... জেলা।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল)
..... উপজেলা,জেলা।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে

- ১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।